চারে চারে মোহনবাগান

# ম্যাকলারেনের তাণ্ডব

**৫ মোহনবাগান**
ম্যাকলারেন ৪, আলবার্তো

**১ ওড়িশা এফসি**
রহিম

**সায়ন গুপ্ত**

গোল থেকে বল তুলে এনে গ্যালারির দিকে দৌড়লেন। এরপর বলে চুম্বন দিয়ে এক শটে পাঠালেন গ্যালারিতে। সমর্থকদের উদ্দেশে যেন বার্তা দিলেন, ‘তোমাদের জন্য বিশেষ উপহার’। ম্যাকলারেন–ম্যানিয়ায় তখন যুবভারতী ক্রীড়াঙ্গনের গ্যালারি কাঁপছে। সবুজ–মেরুন জার্সিতে প্রথম হ্যাটট্রিকের আনন্দ এভাবেই বাগান–জনতার সঙ্গে ভাগ করে নিলেন জেমি ম্যাকলারেন। সেখানেই শেষ নয়। দ্বিতীয়ার্ধের শেষদিকে আরও একটি গোল করেন। একটি গোল আলবার্তো রডরিগেজের। দুই বিদেশির যুগলবন্দিতে শুক্রবার ওড়িশা এফসিকে ৫–১ ব্যবধানে হারাল মোহনবাগান। ওড়িশার হয়ে সান্ত্বনা গোল রহিম আলির করা। চলতি আইএসএলে এই নিয়ে টানা চার ম্যাচে জয়ী মোহনবাগান।

৪ ম্যাচে ৭ গোল করে সর্বোচ্চ গোলদাতাদের তালিকায় শীর্ষে উঠলেন অসি বিশ্বকাপার। এই নিয়ে দ্বিতীয়বার আইএসএলে একটি ম্যাচে চার গোল পেলেন কোনও ফুটবলার। এর আগে ২০১৮ সালে মুম্বই সিটির হয়ে চার গোল করেছিলেন মোদু সোগু। ৪ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষস্থান ধরে রাখল বাগান। তারা ১৪ গোল করেছে। শেষ দু’ম্যাচেই ১০টি! গোলপার্থক্য ১২!

চোটের জন্য খেলতে পারেননি রবসন রবিনহো। তাঁকে ছাড়াও প্রথম একাদশে আরও তিনটি পরিবর্তন করেন বাগান কোচ সার্জিও লোবেরা। রক্ষণভাগে ফিরলেন মেহতাব সিং ও শুভাশিস বসু। আক্রমণভাগে মনবীর সিংয়ের পরিবর্তে শুরু করেন দিমিত্রি পেত্রাতোস।

প্রথমার্ধে হল ৫ গোল। তার মধ্যে মোহনবাগানই ৪ গোল করে ম্যাচ কার্যত শেষ করে দেয়। ১৪ মিনিটে প্রথম গোল ম্যাকলারেনের। বাঁপ্রান্তে দিমির ব্যাকহিল ধরে শুভাশিসের মাপা সেন্টারে হেড দিয়ে জালে জড়ান ম্যাকলারেন। ১০ মিনিটের মধ্যে সেটপিস থেকে ২–০ করেন এই অসি তারকা। ৪২ মিনিটে তৃতীয় গোলের ক্ষেত্রে স্কোরশিটে নাম তুললেন স্প্যানিশ ডিফেন্ডার আলবার্তো। সেটপিস থেকে নয়। ফিল্ড গোল করলেন। তখন মোহনবাগানের গোটা দল প্রতিপক্ষের অর্ধে। মাঝমাঠ থেকে বল নিয়ে আলবার্তো যখন এগোচ্ছিলেন, মনে হচ্ছিল ওড়িশার ফুটবলাররা ঘোরে আছেন। বাঁদিক থেকে আলবার্তোর কোনাকুনি শটের নাগাল শরীর ছুড়েও পেলেন না ওড়িশার গোলরক্ষক অমরিন্দর সিং।

এরপরই বাগান রক্ষণভাগের শিক্ষানবিশি ভুলের সুযোগ নিয়ে ব্যবধান কমায় ওড়িশা। লং বল ধরতে বিশাল কাইথ গোল ছেড়ে এগিয়ে আসেন। সেইসময় তাঁর সঙ্গে মেহতাবের ভুল বোঝাবুঝির সুযোগ নিয়ে গোল করেন রহিম আলি। যদিও এই গোলটিতে ম্যাচে বাগানের কোনও ক্ষতি হয়নি। প্রথমার্ধের সংযুক্তি সময়েই হ্যাটট্রিক সারেন ম্যাকলারেন। ডানপ্রান্ত দিয়ে ডিফেন্ডারকে কাটিয়ে বক্সে ঢুকে পড়েন লিস্টন। তাঁর সেন্টার থেকে ডান পায়ের টোকায় গোল ম্যাকলারেনের।

তবে নিজের চতুর্থ গোলটি পেতে অসি বিশ্বকাপারকে অপেক্ষা করতে হল ম্যাচের ৮৮ মিনিট পর্যন্ত। পরিবর্ত হিসেবে নামা মনবীরের থ্রু ধরে দ্বিতীয় পোস্ট দিয়ে বল জালে জড়ান তিনি। গোলের বন্যা বইয়ে জয়ের নায়ক ম্যাকলারেনের কথায়, ‘এর আগে মেলবোর্ন ডার্বিতে ৫ গোল করেছিলাম। তারপর এটা দ্বিতীয় সেরা।’

**মোহনবাগান: বিশাল, অভিষেক, মেহতাব (মনবীর), আলবার্তো, শুভাশিস (আমে), আপুইয়া, অনিরুদ্ধ (দীপক), লিস্টন, কামিংস (অলড্রেড), পেত্রাতোস (সাহাল), ম্যাকলারেন**



হ্যাটট্রিকের পর বল হাতে দৌড় উচ্ছ্বসিত ম্যাকলারেনের। ছবি: অভিষেক চক্রবর্তী

# সলের অভাব স্পষ্ট মাঝমাঠে

**আজকালের প্রতিবেদন**

প্রথম দুটো ম্যাচেই পারফরমেন্স গ্রাফ ছিল ঊর্ধ্বমুখী। দেখে মনে হচ্ছিল, এই ইস্টবেঙ্গলকেই তো বছরের পর বছর দেখতে চেয়েছেন সমর্থকরা। কিন্তু যত দ্রুত গ্রাফ উঠছিল, শেষ দুটো ম্যাচে তার থেকেও দ্রুত নামল। বিশেষ করে গোয়ার বিরুদ্ধে পারফরমেন্স চিন্তা বাড়িয়েছে কয়েক গুণ। মাঝমাঠ পুরোপুরি ব্যর্থ। আনোয়ার আলি আর প্রভসুখন সিং গিলের দৌলতে কোনওমতে এক পয়েন্ট এসেছে। মিগেল ফিগেরাকে বোতলবন্দি করে ইস্টবেঙ্গলকে সাধারণ স্তরে নামিয়ে দিয়ে গেছে গোয়া।

হঠাৎ করে সমস্যা কেন? এবারের দলে তো অনেক বিকল্প। সমস্যার শুরুটা হয়েছিল দিল্লি ম্যাচ থেকেই। ইস্টবেঙ্গল বড় ব্যবধানে জিতলেও দ্বিতীয়ার্ধের একটা বড় সময় ছন্নছাড়া ফুটবল খেলেছিল। মাঝমাঠে সল ক্রেসপোর অভাবটাই প্রকট হয়ে দেখা দিয়েছে। মহম্মদ রশিদ একা মাঝমাঠ নিয়ন্ত্রণে ব্যর্থ। তিনি তেমন সৃজনশীল ফুটবলও খেলতে পারেন না। এবার মিগেল ফিগেরাকে বিপক্ষ আটকে দেওয়ায় লাল–হলুদ মাঝমাঠে খেলা তৈরি হচ্ছে না। সল একদিকে যেমন বিপক্ষের আক্রমণ থামাতে পারেন, বল নিয়ন্ত্রণে রাখতে পারেন, তেমনই আক্রমণ তৈরিতেও পারদর্শী। বাড়াতে পারেন গোলের ঠিকানা লেখা পাস। শেষ দুটি ম্যাচে একটু কঠিন প্রতিপক্ষ সামনে থাকায় এই কাজটাই করতে পারেনি ইস্টবেঙ্গল মাঝমাঠ।

লাল–হলুদের পরের দুটি ম্যাচ কেরালা ব্লাস্টার্স এবং মহমেডান স্পোর্টিং। যারা এখনও একটিও পয়েন্ট পায়নি। এই দুটি ম্যাচে ইস্টবেঙ্গলের পুরো পয়েন্ট প্রয়োজন। না হলে চাপের পাহাড় তৈরি হবে অস্কার ব্রুজোনের ওপর। পাশাপাশি, পুরো ফিট সলকেও অত্যন্ত প্রয়োজন ইস্টবেঙ্গলের। আপাতত দিন তিনেকের ছুটি ইস্টবেঙ্গল অনুশীলনে।

**আজ আইএসএলে**

মহমেডান স্পোর্টিং : বেঙ্গালুরু
(কিশোরভারতী)
বিকেল ৫–০০
সোনি স্পোর্টস। ফ্যানকোড

# আবার ক্লাবেদের যৌথ চিঠি

**আজকালের প্রতিবেদন**

আইএসএল চলছে আইএসএলের মতো। পাশাপাশি চলছে ক্লাব–ফেডারেশনের টানাপোড়েন। ২৬ ফেব্রুয়ারি ফেডারেশনের পক্ষ থেকে আইএসএল ক্লাবগুলিকে একটি নোটিশ পাঠানো হয়েছিল। নির্দিষ্ট সময়ের মধ্যে ক্লাবগুলিকে আইএসএলের খরচ বাবদ বরাদ্দ অর্থ জমা করার নির্দেশ দিয়েছিল। সূত্রের খবর, বেশিরভাগ আইএসএল ক্লাব প্রথম কিস্তির অর্থ জমা করেছে। এই নিয়ে শুক্রবার ক্লাবগুলি একটি যৌথ চিঠি পাঠিয়েছে ফেডারেশনকে। চিঠিতে লিখেছে ফেডারেশন এবং ভারতীয় ফুটবলের বর্তমান আর্থিক অবস্থার কথা চিন্তা করে, প্রথম কিস্তির টাকা সঠিক সময়ের মধ্যে তারা জমা দেবে। তবে লিখেছে, টাকা দিলেও ফেডারেশনের তৈরি করা একতরফা ‘গভর্নেন্স’–এর শর্তে তারা রাজি হচ্ছে না। যুক্তি, আইএসএল চালানোর পুরো খরচ তারা দিচ্ছে। তাহলে ফেডারেশনের একতরফা সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা মানবে কেন? আইএসএল–সহ প্রথম সারির ভারতীয় ফুটবল প্রতিযোগিতাগুলোর কমার্শিয়াল পার্টনারের জন্য টেন্ডার ওপেন করেছে ফেডারেশন। ক্লাবগুলির বক্তব্য, নতুন কমার্শিয়াল পার্টনার কোন শর্তে নেওয়া হচ্ছে, জানাতে হবে। এও বলেছে, এই মরশুমে যখন ক্লাবেদের ঘাড়ে এতটা আর্থিক দায়ভার, তখন ফেডারেশন কোনও অর্থ খরচ না করেও প্রায় ৩.৪ কোটি টাকা ঘরে তুলছে। তাছাড়া চিঠিতে ক্লাবগুলি জানিয়েছে, ফেডারেশন যেন এই মরশুমের আইএসএলে অবনমন বন্ধ করে, না হলে সুপ্রিম কোর্ট থেকে প্রয়োজনীয় নির্দেশ নিয়ে আসে।


**ADITYA BIRLA CAPITAL** — PROTECTING INVESTING FINANCING ADVISING

**আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড**

রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট–৩৬২২৬৬
ব্রাঞ্চ অফিস: তৃতীয় তল, বাঙ্গুর বিএফএল এস্টেট, ৩১, চৌরঙ্গি রোড, কলকাতা–৭০০০১৬

**পরিশিষ্ট IV [সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১) দ্রষ্টব্য]**
**দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতাগণ ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর (পুং/স্ত্রী) ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে–কোনও লেনদেন নীচে উল্লিখিত অর্থাঙ্ক এবং এর ওপর সুদ সমেত আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড–এর দায় সাপেক্ষ হবে। উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে নিম্নলিখিত সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

**১. ঋণগ্রহীতার নাম: কৃষ্ণগোপাল নন্দী এবং মায়ারানি নন্দী**
**বকেয়া অর্থাঙ্ক: ₹৩৩,৩৮,৯৭২.০০/–** (তেত্রিশ লক্ষ আটত্রিশ হাজার নশো বাহাত্তর টাকা মাত্র)
**দাবি বিজ্ঞপ্তির তারিখ: ১৭.১২.২০২৫** **দখলের তারিখ: ০৫.০৩.২০২৬**

**স্থাবর সম্পত্তির বিবরণ**

কমবেশি ১৪.১৭ শতক জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা–ধর্মপুর গ্রাম, জে এল নং ২০, খতিয়ান নং ৮২৭, বর্তমান এল আর খতিয়ান নং ২৩১/১, তৌজি নং ৩৫৮০, দাগ নং ১১৩৯, হোল্ডিং নং ১৪৯৭, পিন কোড নং ৭৪৩৩৪৯, জেলা ২৪ পরগনা, থানা গাইঘাটা, ধর্মপুর ১ নং গ্রাম পঞ্চায়েতের অধীন, জেলা উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ৭৪৩২৪৯ এবং **সাইট অনুসারে চৌহদ্দি: পূর্ব:** ২০ ফুট চওড়া যশোর রোড; **পশ্চিম:** মালিকের ফাঁকা জমি ও পুকুর; **উত্তর:** সাগর সাহার গোডাউন; **দক্ষিণ:** মিঃ গণেশ বৈদ্যর বাড়ি।

**২. ঋণগ্রহীতার নাম: রমেশ চন্দ্র বৈদ্য, শুভ্র বৈদ্য, বৈদ্য ইন্টারন্যাশনাল পাবলিকেশন এবং বৈদ্য এন্টারপ্রাইজ**
**বকেয়া অর্থাঙ্ক: ₹৮৬,৭২,৪২৭.৮০** (ছিয়াশি লক্ষ বাহাত্তর হাজার চারশো সাতাশ টাকা এবং আশি পয়সা মাত্র)
**দাবি বিজ্ঞপ্তির তারিখ: ১৭.১২.২০২৫** **দখলের তারিখ: ০৫.০৩.২০২৬**

**স্থাবর সম্পত্তির বিবরণ**

উপরিস্থিত কাঠামো সহ ৩ কাঠা বা ৫ শতক জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, অংশত দাগ নং ১০১৪ এবং ১০১৬, আর এস খতিয়ান নং ২২৪, জে এল নং ৮৩, আর এস নং ২২৪, তৌজি নং ১৪৬, মৌজা নাপাড়া, থানা বারাসাত, জেলা উত্তর ২৪ পরগনা, নাপাড়া গ্রাম পঞ্চায়েতের অধীন, বুড়িপুকুর রোড, থানা বারাসাত, কলকাতা, ৭০০১২৫ এবং **চৌহদ্দি: উত্তর:** সাধন ঘোষের সম্পত্তি; **পূর্ব:** শুভ কর এবং কল্পনা রানা দত্তর জমি; **পশ্চিম:** নিমাই ঘোষের সম্পত্তি; **দক্ষিণ:** ১০ ফুট চওড়া রাস্তা।

**তারিখ: ০৫.০৩.২০২৬** **অনুমোদিত আধিকারিক**
**স্থান: কলকাতা** **আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড**



ইংডিয়ন বৈংক Indian Bank — ইলাহাবাদ ALLAHABAD

**দুর্গাপুর সিটি সেন্টার ব্রাঞ্চ**
সরোজ মুখোপাধ্যায় ভবন
হরেকৃষ্ণ কোনার সরণি, সিটি সেন্টার,
দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পিন–৭১৩২১৬

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) এবং ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) এবং ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত **ইন্ডিয়ান ব্যাঙ্ক, দুর্গাপুর সিটি সেন্টার শাখা (সুরক্ষিত ঋণদাতা)**–এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি(গুলি) সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ইন্ডিয়ান ব্যাঙ্ক, দুর্গাপুর সিটি সেন্টার শাখা (সুরক্ষিত ঋণদাতা)**–এর অনুমোদিত আধিকারিক **মেসার্স সত্যম মার্কেটিং (ঋণগ্রহীতা), প্রোপ্রাইটর: মিঃ জগদীশ পটেল,** রাজারামপট্টি, বুদবুদ, বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৩৬৩; মিঃ জগদীশ পটেল (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা), পিতা– শ্রী ভেলজি পটেল, রাজারামপট্টি, বুদবুদ, বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৩৬৩–এর থেকে **১৭.০৪.২০২৫** তারিখের ভিত্তিতে সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক বাবদ **₹১,০২,৩২,২২৮.০০** (এক কোটি দুই লক্ষ বত্রিশ হাজার দুশো আঠাশ টাকা মাত্র) + **১৭.০৪.২০২৫** থেকে উদ্ভূত ও বকেয়া সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির **প্রতীকী দখল** নিয়েছেন যা ২৫.০৩.২০২৬ তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।
ই–নিলাম উপায়ে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট বিবরণ এখানে উল্লেখ করা হল:

| ক্রম নং | ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার নাম<br>খ) শাখার নাম | স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ | সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক | ক) সংরক্ষণ মূল্য<br>খ) ইএমডি অর্থাঙ্ক<br>গ) বিড বাড়ানোর মূল্য<br>ঘ) সম্পত্তির আইডি<br>ঙ) সম্পত্তির ওপর দায়<br>চ) দখলের প্রকৃতি |
|---|---|---|---|---|
| ১. | ক) **ঋণগ্রহীতা: মেসার্স সত্যম মার্কেটিং প্রোপ্রাইটর: মিঃ জগদীশ পটেল** রাজারামপট্টি, বুদবুদ, বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৩৬৩<br>**ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: মিঃ জগদীশ পটেল** পিতা– শ্রী ভেলজি পটেল রাজারামপট্টি, বুদবুদ, বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৩৬৩<br>খ) **দুর্গাপুর সিটি সেন্টার শাখা** | নিম্নোক্ত আবাসিক জমি ও কাঠামোর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– সুকদল, জে এল নং ৩৭, এল আর প্লট নং ৪৪৮, এল আর খতিয়ান নং ৫৯৮৩, থানা– বুদবুদ, জেলা– বর্ধমান, পশ্চিমবঙ্গ, জমির পরিমাপ– ৬ ডেসিমেল, রোড জোন/ অ্যাপ্রোচ– সম্পত্তি অভিমুখী ১০ ফুট চওড়া রাস্তা। প্রস্তাবিত ব্যবহার: বাস্তু (আবাসিক কাজে)। **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– পরিসর এবং হিন্দি প্রাথমিক বিদ্যালয়ের সম্পত্তি; দক্ষিণ– জি টি রোডের পাশের জমি এবং স্মিতা পটলের সম্পত্তি; পূর্ব– হিন্দি প্রাথমিক বিদ্যালয়ের সম্পত্তি; পশ্চিম– বাবু কুমার সোমের সম্পত্তি। | ₹১,০২,৩২,২২৮.০০ (এক কোটি দুই লক্ষ বত্রিশ হাজার দুশো আঠাশ টাকা মাত্র), ১৭.০৪.২০২৫ অনুযায়ী + ১৭.০৪.২০২৫ থেকে উদ্ভূত ও বকেয়া সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি | ক) ₹৪৫,০০,০০০.০০ (*) (পঁয়তাল্লিশ লক্ষ টাকা মাত্র)<br>খ) ₹৪,৫০,০০০.০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র)<br>গ) ₹১০,০০০.০০ (দশ হাজার টাকা মাত্র)<br>ঘ) IDIB50452776510<br>ঙ) ব্যাঙ্কের জানা নেই<br>চ) প্রতীকী দখল |

**যোগাযোগের ব্যক্তি: ৮১০২৪ ১৫৬১৫ (অনুমোদিত আধিকারিক)**

(*) সম্পত্তির বিক্রয়মূল্য অবশ্যই নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে।

**ই–নিলামের তারিখ ও সময়: তারিখ– ২৫.০৩.২০২৬; সময়: সকাল ১১টা থেকে বিকেল ৫টা**
**পরিদর্শনের তারিখ ও সময়: ১৯.০৩.২০২৬ থেকে ২৪.০৩.২০২৬, সকাল ১০টা থেকে বিকেল ৪টা**
**ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com**

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ**–এর ওয়েবসাইট **(https://www.baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে **অনুগ্রহপূর্বক এই নম্বরে কথা বলুন:** ৮২৯১২২০২২০। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.https://baanknet@psballiance.com** মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর এই নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
**https://www.baanknet.com** ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

**দ্রষ্টব্য: সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) /বন্ধকদাতা(গণ) –এর প্রতিও এটি একটি বিজ্ঞপ্তি**

তারিখ: ০৬.০৩.২০২৬ অনুমোদিত আধিকারিক
স্থান: দুর্গাপুর ইন্ডিয়ান ব্যাঙ্ক



পংজাব নৈশনল বৈংক ...भरोसे का प्रतीक! punjab national bank ...the name you can BANK upon!

**বিক্রয় বিজ্ঞপ্তি ৩০.০৩.২০২৬ তারিখের ই–নিলাম**

**অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, দুর্গাপুর**
**সিটি সেন্টার, রেড ক্রস রোড, দুর্গাপুর–৭১৩২১৬, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, ই–মেল: cs8222@pnb.bank.in**

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**
**ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ৩০.০৩.২০২৬, দুপুর ২টো পর্যন্ত**

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

**স্থাবর সম্পত্তিগুলির বিবরণ**
**[সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]**

| ক্রম নং | অ্যাকাউন্টের নাম<br>ঋণগ্রহীতা/ জামিনদারগণের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি | ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ) দখলের তারিখ<br>গ) ১৩(২) নোটিসের তারিখে বকেয়া | ক) সংরক্ষণ মূল্য<br>খ) ইএমডি<br>গ) বিড বাড়ানোর মূল্য (টাকার অঙ্কে) | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ১. | ০৫৪১০০ জি টি রোড বর্ধমান<br>অ্যাকাউন্ট: মেসার্স শান্তি ট্রেডিং<br>ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/জামিনদার/অংশীদার:<br>১. মেসার্স শান্তি ট্রেডিং প্রোপ্রাইটর: শ্রী স্বরূপ যশ গ্রাম সিহিগ্রাম, পোঃ পরাজ, গলসি–১, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ ৭১৩৪০৩<br>২. শ্রী জয় চাঁদ রায় গুসকরা রেলপাড়, ওয়ার্ড নং ১২, হনুমান মন্দিরের নিকটে, পূর্ব বর্ধমান ৭১৩১২৮<br>৩. শ্রী সুব্রত যশ গ্রাম সিহিগ্রাম, পোঃ পরাজ, গলসি–১, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩৪০৩ | ১. দোতলা আবাসবাড়ির সমবন্ধক, মৌজা গুসকরা, বর্ধমান, জে এল নং ১১০, খতিয়ান নং ১৮৫০, বর্তমান এল আর খতিয়ান নং ৭৬২৬, প্লট নং ৩৪৮/৪২০৪, হোল্ডিং নং ৭২, মহল্লা–শিবতলা রোড, ওয়ার্ড নং ৫, জমির মাপ ০.১০ একর, এডিএসর গুসকরায় নিবন্ধিত ২০.০৮.২০১৩ তারিখের দান দলিল নং I–৩৩১১/২০১৩ অনুসারে সম্পত্তিটি জয় চাঁদ রায় এর নামে।<br>[সম্পত্তিগুলি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]<br>২. আবাসবাড়ির সমবন্ধক, সিহিগ্রাম, মৌজা সিহিগ্রাম, থানা গলসি, বর্ধমান, খতিয়ান নং এল আর ৪২৭ এবং ৪২৮, জে এল ৪৯, প্লট নং ৫২২ এবং ৫২৩, জমির মাপ ০.১০ একর, ডিএসআর–১ বর্ধমানে নথিভুক্ত ২৬.০৪.২০১০ তারিখের দান দলিল নং ১৮৭২/২০১০ অনুসারে সম্পত্তিটি স্বরূপ যশ এবং সুব্রত যশ এর নামে।<br>[সম্পত্তিগুলি ব্যাঙ্কের বাস্তবিক দখলে রয়েছে] | ক) ৩১.১০.২০১৪<br>খ) ২৪.০৭.২০১৫<br>গ) ₹৮২,৬০,৫৭০.০০ (বিরাশি লক্ষ ষাট হাজার পাঁচশো সত্তর টাকা মাত্র), ২২.১০.২০১৪ অনুযায়ী | সম্পত্তি ১<br>ক) ₹২৩,৮৩,০০০.০০<br>খ) ₹২,৩৮,৩০০.০০<br>গ) ₹১০,০০০.০০<br>প্রতীকী দখল<br>সম্পত্তি ২<br>ক) ₹১৭,১৭,০০০.০০<br>খ) ₹১,৭১,৭০০.০০<br>গ) ₹১০,০০০.০০<br>বাস্তবিক দখল | ৩০.০৩.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকাল ৪টা |
| ২. | শাখা অফিস: ০২০৭২০ কালনা<br>অ্যাকাউন্ট: মেসার্স সোমনাথ কমিউনিকেশন<br>ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার:<br>১. মেসার্স সোমনাথ কমিউনিকেশন প্রোপ্রাইটর: সোমনাথ মণ্ডল গ্রাম– চক চাঁদনি, পোঃঅঃ– কালনা, জেলা– বর্ধমান, পিন– ৭১৩৪০৯<br>২. প্রোপ্রাইটর: সোমনাথ মণ্ডল, পিতা– স্বপন কুমার মণ্ডল গ্রাম– চক চাঁদনি, পোঃঅঃ– কালনা, জেলা– বর্ধমান, পিন– ৭১৩৪০৯<br>৩. স্বপন কুমার মণ্ডল (জামিনদার), পিতা– প্রয়াত কৃষ্ণ চন্দ্র মণ্ডল গ্রাম– চক চাঁদনি, পোঃঅঃ– কালনা, জেলা– বর্ধমান, পিন– ৭১৩৪০৯<br>৪. রেখা মণ্ডল (জামিনদার), স্বামী– স্বপন কুমার মণ্ডল ঠিকানা: গ্রাম– চক চাঁদনি, পোঃঅঃ– কালনা, জেলা– বর্ধমান, পিন– ৭১৩৪০৯ | সম্পত্তি নং ১: জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা– বর্ধমান, থানা ও এডিএসআর–কালনা, মৌজা– কালনা, জে এল নং– ১৬৪, খতিয়ান নং– ৫৮৫৫, দাগ নং– ৬১৭৪, শ্রেণি– বাস্তু, আয়তন– ০.০২ একর, ১৯৯১ সালের দলিল নং– ৫৮৭০ অনুযায়ী সম্পত্তির মালিকানা শ্রীমতী রেখা মণ্ডলের নামে।<br>সম্পত্তি নং ২: জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা– বর্ধমান, থানা ও এডিএসআর–কালনা, মৌজা– কালনা, জে এল নং– ১৬৪, খতিয়ান নং– ৫৮৫৫, দাগ নং– ৬১৭৪, শ্রেণি– বাস্তু, আয়তন– ০.০২ একর, ১৯৯০ সালের দলিল নং– ৬৩৫২ অনুযায়ী সম্পত্তির মালিকানা শ্রী কৃষ্ণ চন্দ্র মণ্ডলের নামে।<br>[সম্পত্তিগুলি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে] | ক) ০৪.০৪.২০১৫<br>খ) ০৪.০৯.২০১৫<br>গ) ₹১৫,৯০,৪৩৭.৯৯ (পনেরো লক্ষ নব্বই হাজার চারশো সাঁইত্রিশ টাকা এবং নিরানব্বই পয়সা মাত্র), ৩১.০৩.২০১৫ অনুযায়ী | সম্পত্তি ১+২<br>ক) ₹১৫,০৭,০০০.০০<br>খ) ₹১,৫০,৭০০.০০<br>গ) ₹১০,০০০.০০<br>প্রতীকী দখল | ৩০.০৩.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকাল ৪টা |
| ৩. | শাখা অফিস ৩১৯৪০০ বর্ধমান বিসি রোড<br>অ্যাকাউন্ট: রূপক আইচ (এইচবিএল) এবং মেসার্স শিব দুর্গা হার্ডওয়ার (প্রোপ্রাইটর রূপক আইচ)<br>ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতা/জামিনদার/অংশীদার:<br>১. মেসার্স শিব দুর্গা হার্ডওয়ার প্রোপ্রাইটর রূপক আইচ<br>২. মিঃ রূপক আইচ<br>৩. মিসেস মমতা আইচ, স্বামী প্রয়াত শঙ্করী প্রসাদ আইচ<br>৪. আলিনা আইচ, পিতা প্রয়াত শঙ্করী প্রসাদ আইচ<br>৫. লিপিকা আইচ, স্বামী রূপক আইচ<br>ঠিকানা : ৪৯, মোহাতাব রোড, স্নেহ লতা লজ, ঝাঁপানতলা, পোঃ রাজবাটি, পিন ৭১৩১০৪ | জমি ও বাড়ির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, জেলা বর্ধমান, থানা বর্ধমান, মৌজা বর্ধমান, জে এল নং ৩০, বর্ধমান পুরসভার অধীন, সি এস প্লট নং ৩৪৭৪, আর এস প্লট নং ২৩২৬, এল আর প্লট নং ৬১০০, এল আর খতিয়ান নং ১০৪৪১ এবং ১১২৫১, শ্রেণী বাস্তু, জমির মাপ ১ কাঠা, ৪ ছটাক, বর্ধমানে নিবন্ধিত ০৭.০৮.১৯৯০ তারিখের পার্টিশন দলিল নং ৪১২৮ এবং ১৫.১০.২০১৫ তারিখের দান দলিল নং ৫৭৯৬ অনুসারে সম্পত্তিটি শ্রী রূপক আইচ, পিতা প্রয়াত শঙ্করী প্রসাদ আইচ এবং শ্রীমতী মমতা আইচ, স্বামী প্রয়াত শঙ্করী প্রসাদ আইচ এর নামে।<br>[সম্পত্তিগুলি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে] | ক) ২১.০৭.২০২৩<br>খ) ০২.১১.২০২৩ প্রতীকী দখল<br>গ) ₹২৫,১৯,৫১৬.২৬ (পঁচিশ লক্ষ উনিশ হাজার পাঁচশো ষোল টাকা এবং ছাব্বিশ পয়সা মাত্র) | ক) ₹২৯,৯৪,০০০.০০<br>খ) ₹২,৯৯,৪০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ৩০.০৩.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকাল ৪টা |
| ৪. | শাখা অফিস: ৩১৯৪০০– বর্ধমান বি সি রোড<br>অ্যাকাউন্টের নাম: মাহিরউদ্দিন মল্লিক<br>ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার:<br>১. মাহিরউদ্দিন মল্লিক (ঋণগ্রহীতা এবং প্রয়াত আরবান মল্লিকের আইনি উত্তরাধিকারী)<br>২. মর্জিনা বেগম মল্লিক (প্রয়াত আরবান মল্লিকের আইনি উত্তরাধিকারী)<br>৩. কুলসুমা মল্লিক (সহ–ঋণগ্রহীতা এবং প্রয়াত আরবান মল্লিকের আইনি উত্তরাধিকারী)<br>ঠিকানা: মল্লিক পাড়া, পোঃঅঃ– পিরতলা, শক্তিগড়, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩১৪৯। | তফসিল ‘এ’: এডিএসআর– বর্ধমানে নিবন্ধীকৃত ১০.০৩.১৯৭৮ তারিখের কোবালা দলিল নং I–১১৪৬ এবং ২৬.১১.২০১৪ তারিখের দানদলিল নং I–৫৬১১ অনুযায়ী আরবান মল্লিক–এর স্বত্বাধীনে নিম্নোক্ত জমি ও বাড়ি যার স্থিতি ও বিবরণ: বড়শুল গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, মৌজা– শক্তিগড়, পিন–৭১৩১৪৯, জে এল নং ১৫৫, এল আর খতিয়ান নং ১৪১৫, এল আর প্লট নং ৯২৮, জমির পরিমাপ– ২৫ শতক, সম্পত্তির মালিকানা আরবান মল্লিকের নামে।<br>তফসিল ‘খ’: আরবান মল্লিক–এর স্বত্বাধীনে মৌজা– শক্তিগড়, জে এল নং ১৫৫, এল আর খতিয়ান নং ১৪১৬, আর এস এবং এল আর প্লট নং ৯২৮, পরিমাপ– ১২০০ বর্গফুট।<br>[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে] | ক) ০১.০৮.২০১৯<br>খ) ১৪.০১.২০২০ (প্রতীকী দখল)<br>গ) ₹৩৬,১৭,০৪১.০০ (ছত্রিশ লক্ষ সতেরো হাজার একচল্লিশ টাকা মাত্র), ৩১.০৭.২০১৯ অনুযায়ী | ক) ₹৬৪,৭১,০০০.০০<br>খ) ₹৬,৪৭,১০০.০০<br>গ) ₹২৫,০০০.০০ | ৩০.০৩.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকাল ৪টা |

**শর্ত ও নিয়মাবলি**

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. **এই বিক্রি ৩০.০৩.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টার মধ্যে https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন।
৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **মিঃ অশোক কুমার (চিফ ম্যানেজার), মোবাইল: ৯১০২৪০৫৭৯০।**

**সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে ৩০/১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**

তারিখ: ০৬.০৩.২০২৬ অনুমোদিত আধিকারিক
স্থান: দুর্গাপুর পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

**সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল রুল ৮(৬) ও ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**